# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৯) ছালাত অবস্থায় এদিক সেদিক লক্ষ্য করা

(৯) ছালাত অবস্থায় এদিক সেদিক লক্ষ্য করা :

অনেক মুছল্লী তার ছালাতে স্থির থাকে না। অমনোযোগী হয়ে এদিক সেদিক তাকানোর বদ অভ্যাস আছে। এটা মূলতঃ শয়তানের প্রলোভন।[1] ফলে ছালাতে একাগ্রতা থাকে না। আল্লাহ তা‘আলা এ ধরনের মুছল্লীর প্রতি রহমতের দৃষ্টি দেন না।

عَنْ أَبِىْ ذَرٍّ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ لَا يَزَالُ اللهُ عَزَّ وَجَلَّ مُقْبِلًا عَلَى الْعَبْدِ وَهُوَ فِىْ صَلَاتِهِ مَا لَمْ يَلْتَفِتْ فَإِذَا الْتَفَتَ انْصَرَفَ عَنْهُ.

আবু যার (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, বান্দা ছালাতে থাকা অবস্থায় আল্লাহ তা‘আলা তার দিকে সর্বদা তাকিয়ে থাকেন, যতক্ষণ সে এদিক সেদিক না তাকায়। যখন অন্যদিকে দৃষ্টি ফিরায়, আল্লাহ তাঁর দৃষ্টি ফিরিয়ে নেন।[2]

عَنْ أَبِىْ هُرَيْرَةَ قَالَ أَمَرَنِىْ رَسُوْلُ اللهِ بِثَلَاثٍ وَنَهَانِى عَنْ ثَلَاثٍ وَنَهَانِى عَنْ نَقْرَةٍ كَنَقْرَةِ الدِّيْكِ وَإِقْعَاءٍ كَإِقْعَاءِ الْكَلْبِ وَالْتِفَاتٍ كَالْتِفَاتِ الثَّعْلَبِ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) আমাকে তিনটি বিষয়ে নির্দেশ দান করেছেন এবং তিনটি বিষয়ে নিষেধ করেছেন। আমাকে মোরগের মত ঠোকরাতে, কুকুরের মত বসতে এবং শিয়ালের মত এদিক সেদিক তাকাতে নিষেধ করেছেন।[3] অতএব ছালাতের মধ্যে সর্বদা সিজদার স্থানে বা তার কাছাকাছি দৃষ্টি রাখবে।[4]

ফুটনোট

[1]. বুখারী হা/৭৫১; মিশকাত হা/৯৮২; বঙ্গানুবাদ মিশকাত হা/৯১৯, ৩/১২ পৃঃ।

[2]. তিরমিযী হা/২৮৬৩; আবুদাঊদ হা/৮৪৩ (৯০৯); ছহীহ তারগীব হা/৫৫৪; সনদ হাসান। উল্লেখ্য যে, আলবানী প্রথমে যঈফ বলেছিলেন। পরে সাক্ষী থাকার কারণে হাসান বলেছেন; মিশকাত হা/৯৯৫; বঙ্গানুবাদ মিশকাত হা/৯৩০, ৩/১৬ পৃঃ।

[3]. মুসনাদে আবী ইয়ালা, আহমাদ হা/৮০৯১; ছহীহ তারগীব হা/৫৫৫, সনদ হাসান।

[4]. মুস্তাদরাক হাকেম হা/১৭৬১; বায়হাক্বী, সনানুল কুবরা হা/১০০০৮; ছিফাতু ছালাতিন নবী, পৃঃ ৮৯; সনদ

ছহীহ, ইওয়াউল গালীল হা/৩৫৪-এর আলোচনা দ্রঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1921

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন